ই-মেইলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[Customs: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.২৫.০০৩.২৩.৩৭৫ তারিখ: ১৫ জুলাই, ২০২৬ খ্রি.।

**বিষয়: WCO Virtual Customs Orientation Academy (VCOA) এর ২৪তম সেশনের ভার্চুয়াল কোর্সে অংশগ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কর্মকর্তা মনোনয়ন প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং- 26IL0376E; তারিখ: ০৬ জুলাই ২০২৬/ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, WCO Virtual Customs Orientation Academy (VCOA) এর ২৪তম সেশনের ভার্চুয়াল কোর্স আগামী ১৪ সেপ্টেম্বর- ১৮ ডিসেম্বর, ২০২৬খ্রি. পর্যন্ত অনুষ্ঠিত হবে।

০২। Virtual Customs Orientation Academy (VCOA)-এর উদ্দেশ্য হলো নবনিযুক্ত Customs কর্মকর্তাগণকে একটি Tutored Curriculum-এর মাধ্যমে Customs বিষয়ক মৌলিক জ্ঞান ও দক্ষতা প্রদান করা। এ প্রশিক্ষণ কোর্সে Customs কর্মকর্তাদের মূল দায়িত্ব ও কার্যাবলি, Customs Procedures-এর নীতিমালা ও বাস্তব প্রয়োগ এবং বিভিন্ন আন্তর্জাতিক Convention ও Instrument সম্পর্কে ধারণা প্রদান করা হবে।

০৩। উক্ত ভার্চুয়াল কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণের নিম্নোক্ত যোগ্যতা থাকা আবশ্যক মর্মে আমন্ত্রণপত্রে উল্লেখ রয়েছে:

a) Newly recruited Customs officials with less than four years of service in Customs;
b) Proficiency in both written and spoken English;
c) Good computer skills and access to the internet; and
d) Availability during the whole period of the VCOA session and able to devote the necessary time (minimum of 8 hours per week);

০৪। এমতাবস্থায়, বিবেচ্য VCOA সেশনের ভার্চুয়াল কোর্সে অংশগ্রহণের জন্য বাংলাদেশ কাস্টমস এর সহকারী কমিশনার (বিজ্ঞপ্তি জারির তারিখে আমন্ত্রণপত্রে উল্লিখিত কর্মকাল বিষয়ক শর্ত পরিপালন সাপেক্ষে) পর্যায়ের যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ৩০ জুলাই ২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদস্য (কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড [দৃষ্টি আকর্ষণ: দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs) বরাবর এবং ই-মেইলে (wcoaffairs@nbr.gov.bd) সফটকপি (এমএস ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল) প্রেরণ করার জন্য জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (ই-মেইলে প্রেরিত)।

১৫/৭/২৬

(দ্বৈপায়ন চাকমা)
দ্বিতীয় সচিব (Customs: WCO Affairs)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs@nbr.gov.bd

**বিতরণ কার্যার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস (সকল)।

৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/SASEC-Integrated Trade Facilitation SDP: NBR Part/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১১. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৩. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]**।
১৪. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।